SALCO
South Asian Legal Clinic of Ontario

# ভরণপোষণ

## ভরণপোষণ বলতে কী বোঝায়?

কোনো দম্পতি আলাদা হওয়ার বা বিবাহবিচ্ছেদের সিদ্ধান্ত নিলে একজন অন্যজনকে আর্থিকভাবে সহায়তা করার প্রয়োজন হতে পারে। ভরণপোষণ সাধারণত মাসিক ভিত্তিতে প্রদান করা হয়, তবে এই অর্থ একেবারেও দেওয়া যেতে পারে। বেশি উপার্জনকারী (প্রদানকারী) সঙ্গী কম উপার্জনকারী (গ্রহীতা) সঙ্গী কে ভরণপোষণ প্রদান করেন।

ভরণপোষণ সন্তান সহায়তার মতো স্বয়ংক্রিয় নয়। আপনাকে হয় এতে সম্মত হতে হবে অথবা এর জন্য আদেশ পেতে আদালতে যেতে হবে।

## ভরণপোষণ কে পাবেন?

- বিবাহিত দম্পতি
- যেসব দম্পতি ন্যূনতম তিন বছর ধরে একসঙ্গে বসবাস করেছেন
- যেসব দম্পতি যেকোনো সময়কালের জন্য স্থায়ী সম্পর্কে ছিলেন এবং একত্রে তাদের সন্তান রয়েছে
- যদি আপনি আপনার স্বামী/স্ত্রীর জামিনদারিতে কানাডায় আসেন, কানাডায় আসার পর আপনার স্বামী/স্ত্রী নির্দিষ্ট সময়ের জন্য আপনাকে সহায়তা করার লক্ষ্যে জামিনদার আবেদনের বিষয়ে সম্মত ছিলেন। এসময়, আপনারা পৃথক হলেও তাকে আপনাকে ভরণপোষণ প্রদান করতে হবে।

**দ্রষ্টব্য: ভরণপোষণের জন্য যোগ্য হতে আপনার বিবাহিত হওয়ার দরকার নেই**

## ভরণপোষণের উদ্দেশ্য

- বিবাহ বা সম্পর্কের সঙ্গী যেন বিচ্ছেদের পরে আর্থিকভাবে নিজেকে স্বাবলম্বী করে তুলতে পারে সেলক্ষ্যে সহায়তা প্রদান
- বিচ্ছেদ বা বিবাহবিচ্ছেদের কারণে কেউ আর্থিক অসুবিধার সম্মুখীন হলে তা লাঘব করা

SALCO
South Asian Legal Clinic of Ontario

- সন্তান সহায়তা প্রদানের বাধ্যবাধকতা ছাড়াও সন্তান পরিচর্যার খরচে অংশীদার হওয়া
- সম্পর্কের জন্য প্রত্যেক সঙ্গীর অবদানের স্বীকৃতি প্রদান, যেমন কোনো ব্যক্তি সন্তানের পরিচর্যার উদ্দেশ্য কাজ করা বন্ধ করে দিলে তাদেরকে ক্ষতিপূরণ প্রদান করা যেতে পারে

## আমি কি ভরণপোষণ পাব?

**যোগ্যতা নির্ধারণ করার সময় বিভিন্ন বিষয় বিবেচনা করা হয়, যার মধ্যে রয়েছে:**

- আপনি এবং আপনার সঙ্গী কতদিন একসাথে বসবাস করেছেন
- আপনাদের একত্রে কোনো সন্তান আছে কিনা এবং কে তাদের পরিচর্যা করছেন
- উভয়ের আয় এবং আর্থিক অবস্থা
- সম্পর্ক চলাকালে কোনো দায়িত্ব আপনার পেশাগত জীবন গড়ার অন্তরায় ছিল কিনা, যেমন সন্তানের পরিচর্যা করা বা আপনার স্বামী/ স্ত্রীকে তাদের পেশা গড়তে সাহায্য করা।
- বিচ্ছেদ বা বিবাহবিচ্ছেদের ফলে আপনার আর্থিক সহায়তার প্রয়োজন হয়েছে কিনা এবং আপনার প্রাক্তন সঙ্গীর সহায়তা প্রদানের মতো যথেষ্ট আয় এবং সম্পদ আছে কিনা
- আপনার আইনি চুক্তি আছে কিনা যেখানে পৃথক হলে কে ভরণপোষণ পাবেন তা উল্লখ আছে
- স্পাউসাল সাপোর্ট আডভাইসারি গাইডলাইন্স বা ভরণপোষণ পরামর্শ নির্দেশিকা (SSAG)

## আমি কী পরিমাণ ভরণপোষণ পাবো এবং কতদিনের জন্য পাবো?

**ভরণপোষণের পরিমাণ এবং সময়কাল বিভিন্ন কারণের উপর নির্ভর করে, যার মধ্যে রয়েছে:**

- আপনার এবং আপনার প্রাক্তন সঙ্গীর আয়ের মধ্যে বড় ধরনের পার্থক্য থাকলে
- আপনারা কতদিন একত্রে বসবাস করেছেন (খুব দীর্ঘ সময়ের জন্য একত্রে থাকলে বেশি পরিমাণ এবং দীর্ঘতর সময়ের জন্য পেতে পারেন)
- আপনাদের একত্রে কোনো সন্তান আছে কিনা এবং কে তার পরিচর্যা করছেন
- আপনার এবং আপনার সঙ্গীর বয়স
- সম্পর্ক চলাকালে আপনাদের প্রত্যেকের যে ভূমিকা ছিল
- আপনাদের প্রত্যেকের মানসিক এবং শারীরিক স্বাস্থ্য
- আপনাদের প্রত্যেকের নিজেকে সহায়তা করার সক্ষমতা

SALCO
South Asian Legal Clinic of Ontario

## কিভাবে ভরণপোষণ পাওয়া যাবে?

১. বিচ্ছেদ চুক্তি - কোনো দম্পতি ভরণপোষণের অর্থের পরিমাণ কত হবে এবং কত দিন পর পর দিতে হবে সে ব্যাপারে সম্মত হতে পারে। এক্ষেত্রে তাদেরকে আদালত প্রক্রিয়া অবলম্বন করতে হবে না। তাও চুক্তিটি কার্যকর করতে তা আদালতে দায়ের করা যেতে পারে।

২. আদালত - দম্পতি আদালত প্রক্রিয়া অবলম্বন করতে পারেন এবং একজন বিচারক বিভিন্ন বিষয় বিবেচনা করবেন এবং আদেশ দেওয়ার আগে ভরণপোষণ পরামর্শ নিদেশিকা দেখবেন।

**দ্রষ্টব্য: ভরণপোষণ পরামর্শ নির্দেশিকা  ভরণপোষণের পরিমাণ এবং সময়কাল নির্ধারণের জন্য ব্যবহৃত একটি নির্দেশিকা। এটি কোনো আইন নয় তবে আদালত নিয়মিত এই নির্দেশিকা ব্যবহার করে।**

## সঙ্গী ভরণপোষণ না দিলে কী হবে?

সঙ্গী চুক্তি অনুযায়ী ভরণপোষণ প্রদান করবেন না বলে কেউ আশঙ্কা করলে তিনি ফ্যামিলি রেস্পন্সিবিলিটি অফিস বা পারিবারিক দায়িত্ব কার্যালয়ে (FRO) চুক্তি নিবন্ধন করতে পারেন। FRO হল সহায়তা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত একটি সরকারি সংস্থা। আদালতের আদেশ স্বয়ংক্রিয়ভাবে FRO-তে পাঠানো হবে, তবে আদালতের বাইরের চুক্তি আদালতে দাখিল এবং তারপর FRO-তে নিবন্ধন করতে হবে। FRO-তে নিবন্ধন করা হলে তারা আপনার জন্য সহায়তা প্রদান কার্যকর করবে।

**আপনি আপনার সহায়তার অর্থ পাবেন তা নিশ্চিত করতে FRO কিছু পদক্ষেপ নিতে পারে। এর মধ্যে থাকতে পারে,**

- সহায়তা প্রদানকারীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট, অবসরকালীন সঞ্চয়, কর্মসংস্থান বিমা, সুবিধা বা মজুরি থেকে সরাসরি অর্থ গ্রহণ।
- প্রদানকারীর ড্রাইভিং লাইসেন্স স্থগিত রাখা
- অর্থ প্রদানকারীকে ভরণপোষণ অর্থ প্রদান না করা পর্যন্ত তাদের সম্পত্তির মালিকানা বিক্রি বা হস্তান্তর করা থেকে বিরত রাখা
- প্রদানকারীর বিরুদ্ধে আদালতে মামলা শুরু করা

SALCO
South Asian Legal Clinic of Ontario

## ভরণপোষণ চুক্তি বা আদেশ পরিবর্তন করা

**আপনার বা আপনার সঙ্গীর পরিস্থিতি পরিবর্তিত হলে আপনাকে ভরণপোষণ চুক্তি বা আদেশে পরিবর্তন করতে হতে পারে।**
**পরিবর্তন করতে আপনাকে প্রমাণ করতে হবে যে, "পরিস্থিতিতে বাস্তব পরিবর্তন" হয়েছে, যেমন:**

- আপনার বা আপনার সঙ্গীর আয়ে পরিবর্তন এসেছে
- আপনার আর ভরণপোষণের প্রয়োজন নেই
- আপনি আবার বিয়ে করেছেন, এবং আগে আপনার প্রয়োজন ছিল বিধায় আপনি ভরণপোষণ পেতেন
- সন্তানের জন্য ব্যবস্থায় পরিবর্তন এসেছে

কিভাবে এসব পরিবর্তনের ব্যবস্থাপনা করতে হবে তা আপনার বিচ্ছেদ চুক্তি বা আদালতের আদেশে ইতোমধ্যেই উল্লেখ থাকতে পারে। উদাহরণস্বরূপ, কোন পরিস্থিতিতে ভরণপোষণ প্রদান শেষ হবে তা এতে উল্লেখ থাকতে পারে। অন্যথায়, উভয়েই পরিবর্তনের বিষয়ে সম্মত হলে আপনারা নতুন চুক্তির খসড়া তৈরি এবং তাতে স্বাক্ষর করতে পারেন। আপনি আগেই আদালত এবং FRO-তে চুক্তি জমা দিয়ে থাকলে আগেরটি প্রতিস্থাপন করে নতুন চুক্তি জমা দিতে পারেন। আদালতের বিদ্যমান আদেশ পরিবর্তন করতে সম্মত হলে আপনি আদালতে নথি জমা দিতে এবং আদালতের কাছে নতুন চুক্তির ভিত্তিতে সম্মতি আদেশ জারি করার আবেদন জানাতে পারেন। আপনি নতুন বিচ্ছেদ চুক্তি করতে বা আদেশ পরিবর্তন করতে সম্মত না হলে "বৈকল্পিক বিরোধ নিষ্পত্তি (ADR)" হিসাবে পরিচিত প্রক্রিয়ার মাধ্যমে আদালতের বাইরে বিষয়টি নিষ্পত্তি করার চেষ্টা করতে পারেন, বা আদালতে গিয়ে বিচারকের কাছে পরিবর্তনের আবেদন জানাতে পারেন।